# অ্যানেস্থেটিক্স –
# ঝুঁকি ও পার্শ্ব প্রতিক্রিয়াসমূহ
# গলা ব্যথা

## এই লিফলেট সম্পর্কে

এই লিফলেটে **জেনারেল অ্যানেস্থেটিক দেওয়ার পরে গলা ব্যথা** সম্পর্কে জানানো হয়েছে। জেনারেল অ্যানেস্থেটিক নিলে আপনার এই পার্শ্বপ্রতিক্রিয়া অনুভূত হতে পারে। এখানে গলা ব্যথার কারণ এবং তা নিয়ে কী করা যেতে পারে, সে সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে।

জেনারেল অ্যানেস্থেটিক হলো এমন ওষুধ যা গভীর ঘুমের মতো অবস্থায় নিয়ে যায়। কিছু অপারেশন ও চিকিৎসার জন্য এটি আবশ্যিক। জেনারেল অ্যানেস্থেটিকের সময় আপনি অচেতন থাকেন এবং কিছুই অনুভব করেন না।

আপনি আমাদের ওয়েবসাইটে বিভিন্ন ধরনের অ্যানেস্থেটিক সম্পর্কে পড়তে পারবেন, যা বিভিন্ন ভাষায় পাওয়া যাচ্ছে : www.rcoa.ac.uk/patientinfo/translations#languages।


## এতে কীরকম অনুভূতি হয়?

- আপনার গলায় কিছু অস্বস্তি কিংবা আরও তীব্র ব্যথা হতে পারে।
- গলা ব্যথা সাধারণত ২৪-৪৮ ঘন্টা স্থায়ী হয়।
- আপনার কণ্ঠস্বর কর্কশ হতে পারে।
- আপনার গলা খুব শুষ্ক লাগতে পারে।

## এটি হওয়ার সম্ভাবনা কতটা?

এটি কতটা সম্ভব তা নির্ভর করে আপনার অ্যানেস্থেটিস্ট কোন সরঞ্জাম ব্যবহার করেন তার ওপর।

### প্রতি ১০০ জনের মধ্যে



**২০ থেকে ৪০ জনের হয়েছে** **৬০ থেকে ৮০ জনের হয়নি**

এই সংখ্যাগুলো গবেষণা থেকে পাওয়া গেছে। এসব সংখ্যা আমরা কোথা থেকে পেয়েছি জানতে আমাদের ওয়েবসাইট ভিজিট করুন : www.rcoa.ac.uk/patientinfo/risks/evidence।

## অ্যানেস্থেসিয়ার পরে গলা ব্যথার কারণ কী?

কিছু অ্যানেস্থেটিক গ্যাস ও ওষুধ আপনার গলা শুষ্ক করে তুলতে পারে।

জেনারেল অ্যানেস্থেসিয়ার সময় অ্যানেস্থেটিস্টরা যে সরঞ্জামগুলো ব্যবহার করেন, তার কিছু আপনার গলায় জ্বালা অনুভব করাতে পারে।

জেনারেল অ্যানেস্থেসিয়ার সময় আপনার শরীরের পেশীগুলো শিথিল হয়ে যায়, যার মধ্যে আপনার গলা ও বুকের চারপাশের পেশীগুলো অন্তর্ভুক্ত। এটি আপনার ফুসফুসে প্রবেশকারী বাতাসের পরিমাণ কমাতে পারে।

আপনার ফুসফুসে অক্সিজেনের নিরবচ্ছিন্ন প্রবাহ নিশ্চিতে অ্যানেস্থেটিস্ট আপনার শ্বাসনালী খোলা রাখার জন্য আপনার গলায় একটি শ্বাস-প্রশ্বাসের নল স্থাপন করতে পারেন। সাধারণত আপনি অচেতন হওয়ার পর তিনি এটি করেন।

আপনি অচেতন থাকাকালীন আপনার অ্যানেস্থেটিস্ট যে টিউব বা মাস্ক ব্যবহার করেন, তার কারণে আপনার গলা ব্যথা হতে পারে, এর কারণ হলো :

- এগুলো যখন পরানো হয় বা খুলে ফেলা হয়, তখন আপনার গলা জ্বালা করতে পারে
- এগুলোর মধ্যে কিছু ফোলানো যায়, এগুলো ফুলে উঠলে আপনার গলায় চাপ পড়তে পারে। এর ফলে অস্বস্তি হতে পারে।

অ্যানেস্থেসিয়ার সময় আপনার শ্বাসপথ ও শ্বাসক্রিয়া সম্পর্কে বিভিন্ন ভাষায় আরও তথ্য পেতে আমাদের ওয়েবসাইট দেখুন : www.rcoa.ac.uk/patientinfo/translations#languages।

## কী সহায়ক পারে?

ব্যথা উপশমকারী ওষুধ যেমন আইবুপ্রোফেন বা প্যারাসিটামল ব্যবহার করতে পারেন। কোন ব্যথা উপশমকারী ওষুধটি আপনার জন্য সবচেয়ে ভালো জানতে আপনার জিপি বা ফার্মাসিস্টের পরামর্শ নিন। বাড়ি যাওয়ার আগে হাসপাতাল থেকে আপনাকে কিছু ব্যথার ওষুধও দেওয়া হতে পারে।

## কখন সাহায্য চাইতে হবে

- যদি ব্যথা আরও বেড়ে যায় এবং অ্যানেস্থেটিক দেওয়ার এক সপ্তাহ পরেও গিলতে সমস্যা হয়, তাহলে আপনার জিপি বা নার্সের সাথে দেখা করুন অথবা ফার্মেসি থেকে পরামর্শ নিন।
- কোনো সময় শ্বাস নিতে সমস্যা হলে বা কাশির সাথে রক্ত বের হলে আরও পরামর্শের জন্য জরুরি ভিত্তিতে আপনার জিপি বা অ্যানেস্থেটিস্টের সাথে যোগাযোগ করুন।

## দায় বর্জন বিবৃতি

এই লিফলেটের তথ্য সঠিক ও হালনাগাদকৃত রাখার জন্য আমাদের যথাসাধ্য প্রচেষ্টা থাকলেও আমরা এর নিশ্চয়তা দিতে পারি না। আমরা আশা করি না যে এসব সাধারণ তথ্য আপনার সমস্ত প্রশ্নের উত্তর দেবে অথবা আপনার কাছে গুরুত্বপূর্ণ হতে পারে এমন সকল কিছুর সমাধান করবে। এই লিফলেটটিকে নির্দেশনা হিসাবে ব্যবহার করে আপনার নিজস্ব পছন্দ-অপছন্দ ও উদ্বেগ নিয়ে আপনার চিকিৎসক দলের সাথে আলোচনা করুন। এই লিফলেটটি পৃথকভাবে চিকিৎসা পরামর্শ হিসেবে ব্যবহার করা উচিত নয়। এটি কোনো বাণিজ্যিক বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। সম্পূর্ণ দায় বর্জন বিবৃতিটি দেখতে অনুগ্রহ করে ভিজিট করুন : **www.rcoa.ac.uk/patient-information/translations/bengali**

সমস্ত অনুবাদ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্স-এর অনুবাদক কমিউনিটি দ্বারা সরবরাহ করা হয়। এই অনুবাদগুলোর মান পরীক্ষা করা হয় যাতে করে এগুলো যথাসম্ভব নির্ভুল হয়, তবে তারপরেও কিছু ভুল তথ্য ও তথ্যের ভুল ব্যাখ্যার ঝুঁকি থেকে যায়।

# আমরা আপনার মতামত জানতে আগ্রহী

এই লিফলেটটি আরও উন্নত করার জন্য আমরা আপনার পরামর্শ জানতে চাই।

আপনার কোনো মন্তব্য থাকলে অনুগ্রহ করে এই ঠিকানায় ইমেইল করুন :
patientinformation@rcoa.ac.uk

**Royal College of Anaesthetists**
Churchill House, 35 Red Lion Square, London WC1R 4SG

# www.rcoa.ac.uk

ষষ্ঠ সংস্করণ, নভেম্বর ২০২৪

এই প্রচারপত্র প্রকাশনার তারিখ থেকে তিন বছরের মধ্যে পর্যালোচনা করা হবে।

**© 2024 Royal College of Anaesthetists**
রোগীদের জন্য তথ্য সংবলিত উপাদান তৈরি করতে এই প্রচারপত্রটির প্রতিলিপি তৈরি করা যেতে পারে। অনুগ্রহ করে এই মূল উৎসটি উল্লেখ করুন। আপনি যদি এই লিফলেটটির অংশবিশেষ অন্য কোনো প্রকাশনার কাজে ব্যবহার করতে চান, তাহলে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে, এবং লোগো, ব্র্যান্ডিং, ছবি ও আইকনগুলো সরিয়ে নিতে হবে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।